

পারকি পর্যটন কমপ্লেক্সের কাজ ডিসেম্বরের মধ্যে শেষ হবে

- A Monitor Desk Report

Date: 28 August, 2025



চট্টগ্রাম : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেছেন, চট্টগ্রামের আনোয়ারায় পারকি সমুদ্রসৈকত সংলগ্ন নির্মাণাধীন পর্যটন কমপ্লেক্সের কাজ আগামী ডিসেম্বরের মধ্যে শেষ হবে।

উপদেষ্টা বুধবার (২৮ আগস্ট) চট্টগ্রাম আনোয়ারায় পারকি পর্যটন কমপ্লেক্স পরিদর্শন শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা বলেন।

পর্যটন উপদেষ্টা বলেন, এ কমপ্লেক্সকে আধুনিক ও আকর্ষণীয় রূপে সাজানো হয়েছে। এ কমপ্লেক্সে পর্যটকদের জন্য রয়েছে সকল সুবিধা নিরাপদ অবকাশ যাপন, আধুনিক আবাসন ব্যবস্থা, বিনোদনকেন্দ্র, পার্কিং, শিশুদের খেলার স্থান, রেস্টুরেন্ট, ওয়াশ ব্লকসহ অত্যাধুনিক অবকাঠামো।

পর্যটন কমপ্লেক্সে আগত দর্শনার্থীরা সমুদ্রের মনোমুগ্ধকর প্রাকৃতিক সৌন্দর্যের পাশাপাশি উপভোগ করতে পারবেন সুপরিচ্ছন্ন অবকাশ পরিবেশ। এখানে রয়েছে পারিবারিক ও গুপভিত্তিক বিশ্রামাগার, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য মুক্তমঞ্চ এবং জলক্রীড়া সুবিধা।

তিনি আরো বলেন, স্থানীয় অর্থনীতি ও কর্মসংস্থানে ইতিবাচক প্রভাব ফেলবে এ প্রকল্প।

উপদেষ্টা আরো বলেন, এখানে মিঠা পানির ব্যাপক সংকট রয়েছে। তাছাড়া প্রকল্পটি নেওয়ার সময় ঠিকভাবে পানির সম্ভাব্যতা যাচাই না করার কারণেই অনেক দূর থেকে পানি টেনে আনতে হচ্ছে। এসব নানা কারণে প্রকল্পের কাজে ধীরগতি দেখা দিয়েছে।

এরইমধ্যে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট ঠিকাদারদের সঙ্গে বসে আমরা একটা সময় নির্দিষ্ট করেছি যে, এ বছরের ডিসেম্বরের মধ্যেই সবধরনের অবকাঠামোগত কাজ শেষ হবে।

এ সময় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব বেগম নাসরীন জাহান বলেন, পারকি সমুদ্রসৈকতের পর্যটন কমপ্লেক্স একটি

সম্ভাবনাময় প্রকল্প। এতে স্থানীয়দের সক্রিয় অংশগ্রহণ এবং টুরিস্ট পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর গুরুত্বপূর্ণ ভূমিকা প্রয়োজন।

পরিদর্শনকালে বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান সায়েমা শাহীন সুলতানা, প্রকল্প পরিচালক মাজেদুর রহমান, আনোয়ারা উপজেলা নির্বাহী কর্মকর্তা তাহমিনা আক্তার এবং সহকারী কমিশনার (ভূমি) দীপক ত্রিপুরা উপস্থিত ছিলেন।

-B